নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাঁচ ওসাক কিংবা তার চেয়ে কম খেজুরের ক্ষেত্রে আরায়ার ক্রয়-বিক্রয়ের অনুমতি দিয়েছেন।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরায়ার ক্ষেত্রে পাঁচ ওসাক কিংবা তার চেয়ে কমের ভেতর ক্রয়-বিক্রয়ের
অনুমতি দিয়েছেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

عرايـا আরায়া শব্দটি عريـة শব্দের বহুবচন। এর অর্থ হলো, কোনো মানুষ তাজা খেজুরের মৌসুমে তা খেতে চায় কিন্তু তার অভাবের কারণে সে তা খেতে পারে না। তবে তার নিকট শুকনা খেজুর আছে। তখন সে গাছে থাকা তাজা খেজুরকে শুকনা খেজুরের বিনিময়ে ক্রয় করতে পারবে। তবে শর্ত হলো তাজা খেজুর পাঁচ ওসাক কিংবা তার চেয়ে কম হতে হবে। কারণ, আরায়ার মাসআলাটি প্রয়োজনের তাগিদে নিষিদ্ধ বিধান থেকে বাদ দেয়া হয়েছে, তাই তা কেবল জরুরতের মধ্যে সীমাবদ্ধ থাকবে। তাই পাঁচ ওসাক কিংবা তার চেয়ে কম পরিমানের মধ্যে অনুমতি দেওয়া হয়েছে। কারণ, এর দ্বারা তাজা খেজুর খাওয়ার চাহিদা মিটে যাবে। অন্যথায় মুলনীতি হলো, একই বস্তু অদল-বদলের ক্ষেত্রে অতিরিক্ত হলেই রিবা হবে। কারণ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যখন তাজা খেজুরকে শুকনা খেজুরের বিনিময়ে বিক্রি করার বিষয়টি জিজ্ঞাসা করা হলো তিনি বললেন, “তাজা খেজুর যখন শুকায় তখন ওজন কমে যায় কিনা?” তখন তারা বলল, হ্যাঁ। তিনি বললেন, “তাহলে হবে না।” হাদীসটি সহীহ। বর্ণনায় পাঁচটি সুনান গ্রন্থ।

https://sunnah.global/hadeeth/bn/show/6042